

নম্বর : ৪৬.০৪২.৫৭০০.০০০.৯৯.০৫১.১৭.৫১৯

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১  
২৯ এপ্রিল ২০২৪

**বিষয়:** মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে মুজিবনগর উপজেলায় 'কেদারগঞ্জ বাজারে টয়লেটসহ মার্কেট নির্মাণ' প্রকল্পের সংশোধিত ডাইং, ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন।

**সূত্র:** ১. জেলা পরিষদ, মেহেরপুর এর স্মারক জেপ/মেহের/২০২৪-০৩(২), তারিখ: ০৯/০১/২০২৪।  
২. প্রধান প্রকৌশলী, এলজিইডি এর স্মারক ৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৭৬.১৯.১৮৩৭, তারিখ: ১৮/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে ৫০.৯২৪৪৮ লক্ষ (পঞ্চাশ লক্ষ বিরানব্বই হাজার চারশত আটচল্লিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে এলজিইডি কর্তৃক যাচাইকৃত ডাইং, ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী নিম্নবর্ণিত মার্কেট নির্মাণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্রম	প্রকল্পের নাম	এলজিইডি কর্তৃক যাচাইকৃত প্রাক্কলিত মূল্য
১.	মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে মুজিবনগর উপজেলায় 'কেদারগঞ্জ বাজারে টয়লেটসহ মার্কেট নির্মাণ'	৫০.৯২৪৪৮ লক্ষ (পঞ্চাশ লক্ষ বিরানব্বই হাজার চারশত আটচল্লিশ) টাকা

**শর্তসমূহ:**

১. পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং জেলা পরিষদ বরাদ্দের ব্যবহার নির্দেশনা, ২০২২ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. বিল্ডিং কোড অনুসরণ করত: পরিবেশ, ফায়ার সার্ভিসসহ অন্যান্য বিভাগের প্রয়োজনীয় ছাড়পত্র/ অনুমোদন গ্রহণ করতে হবে।
৩. দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ব্যাপক প্রচার/ পত্রিকার বিজ্ঞপ্তি/ সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
৪. সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক স্বচ্ছতার মাধ্যমে দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৫. প্রস্তাবিত মার্কেটের দোকানঘর/ ফ্লোর বরাদ্দের জন্য স্থানীয় জনসাধারণ ও ব্যবসায়ীদের সেলামী প্রদানে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. পরিবেশ দূষণ রোধে মার্কেটের চতুর্দিকে পানি নিষ্কাশনের ড্রেনগুলো অবশ্যই স্লাব দ্বারা ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।
৭. উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে উক্ত কাজের প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন পরিবর্তন করা যাবে না।
৮. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২৫/৭/২০২৩ তারিখের ২২৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৯. প্রকল্পটি সেলামীর অর্থায়নে বাস্তবায়ন করতে হবে।

সংযুক্তি: এলজিইডি কর্তৃক যাচাইকৃত ডাইং, ডিজাইন ও প্রাক্কলন।

২৯/৪/২০২৪  
মাহবুবা আইরিন  
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, মেহেরপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।